

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইকোটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৪৩.১৯- ২৫০

তারিখ: ০৯.০৯.২০১৯ খ্রি:।

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৫৮১৯/২০১০ মামলার ০২.০৮.২০১৬ খ্রি: তারিখের রায়ে আলোকে কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলাধীন আদর্শ দাখিল মাদ্রাসাটি এমপিওভুক্তির নিমিত্ত দাখিল স্তরের এমপিও কোড বরাদ্দের জন্য তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০০৪.০৪৫.১৯-৩৯৭

তারিখ: ২৯.০৭.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৫৮১৯/২০১০ মামলার রায়ে আলোকে কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলাধীন আদর্শ দাখিল মাদ্রাসাটিকে জুন/২০১০ মাস হতে বকেয়াসহ এমপিওভুক্তকরণের নিমিত্ত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে নির্দেশনা দেয়া হয়।

০২. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত মাদ্রাসাটির অনুকূলে দাখিল স্তরের কোড প্রদান করা আবশ্যিক। কোড প্রদানের জন্য সংশ্লিষ্ট মাদ্রাসার নিকট থেকে নিম্ন বর্ণিত তথ্যসমূহ প্রয়োজন:

ক. বর্ণিত মাদ্রাসার প্যাডে কর্মরত শিক্ষক/কর্মচারীগণের তালিকা (নাম, পদবী, হিসাব নম্বর, ব্যাংক শাখার নামসহ)।

খ. বর্ণিত মাদ্রাসার প্যাডে প্রতিষ্ঠানটির তথ্যসমূহ (প্রতিষ্ঠানের নাম ইংরেজীতে ও বাংলায়, প্রতিষ্ঠানটির এমপিওর ধরন, EIIN No. ও প্রতিষ্ঠানের কোড নম্বরসহ)

গ. বর্ণিত মাদ্রাসার প্যাডে প্রতিষ্ঠানটির তথ্যসমূহ (প্রথম পাঠদানের অনুমতির তারিখ, সর্বশেষ স্বীকৃতির মেয়াদ ও সর্বশেষ ম্যানেজিং কমিটির মেয়াদ)।

০৩. এমতাবস্থায় মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৫৮১৯/২০১০ মামলার ০২.০৮.২০১৬ খ্রি: তারিখের রায়ে আলোকে কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলাধীন আদর্শ দাখিল মাদ্রাসাটি এমপিওভুক্তির নিমিত্ত দাখিল স্তরের এমপিও কোড বরাদ্দের জন্য উপরোক্ত চাহিত তথ্যাদি সমূহ আগামী ১৬.০৯.২০১৯ খ্রি: তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে এ অধিদপ্তরে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: তথ্য সমূহের নমুনা কপি-০৩ ফর্দ।

সুপার
আদর্শ দাখিল মাদ্রাসা
উপজেলা: কুমারখালী, জেলা: কুষ্টিয়া।

০৯/০৯/১৯
মোহাম্মদ হেলাল উদ্দীন
সহকারী পরিচালক (অডিট ও আইন)
(প্রতিকল্প কর্মকর্তা)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।

০২. জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।

০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।

০৪. সভাপতি, আদর্শ দাখিল মাদ্রাসা, উপজেলা: কুমারখালী, জেলা: কুষ্টিয়া।

০৫. অফিস কপি/ মাস্টার কপি।